গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
পেকুয়া, কক্সবাজার
www.ussopekua@gmail.com

**আসবাবপত্র ক্রয়**
এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

কোটেশন নম্বর- ৪১.০১.২২৫৬.০০০.০৬.০০৫.২৩-২২১ তারিখ : ০৬/১১/২০২৪ খ্রিঃ।

প্রতি

..................................................

..................................................

..................................................

১। উপজেলা সমাজসেবা অফিসার, পেকুয়ার অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিল ব্যয় করিতে ইচ্ছুক।

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খামে বা ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলে ২৬/১১/২০২৪ তারিখ বেলা ১২.০০ঘটিকা বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে **"আসবাবপত্র ক্রয় "** এর জন্য কোটেশন এবং **"২৬/১১/২০২৪ তারিখ ১২.০০ ঘটিকা** এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দা
নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম সাত দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ৭দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৩দিনের মধ্যে জারি করা হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

০৬/১১/২৪

কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম : মোঃ জাহাঙ্গীর আরিফ প্রাং
পদবি : উপজেলা সমাজসেবা অফিসার
তারিখ : ০৬/১১/২০২৪
ঠিকানা : উপজেলা সমাজসেবা কার্যালয়, পেকুয়া, কক্সবাজার ফোন নম্বর : 01716097580
ই-মেইল : usso.pekua@gmail.com

**বিতরণ :**

১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পেকুয়া, কক্সবাজার (অবগতি এবং নোটিশ বোর্ডে প্রচারের জন্য)।
২। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতর (অবগতি এবং বহুল প্রচারের জন্য)।
৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় (অবগতি এবং বহুল প্রচারের জন্য)।
৪। নোটিশ বোর্ড।
৫। দাপ্তরিক নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
পেকুয়া, কক্সবাজার

## আসবাবপত্রের কারিগরি বিনির্দেশ

| Si no | Item no | Description | Desire by the purchaser | Offered by the Bidder | Remark |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 01 | Specification of Executive Table with side Table: | | | | |
| | 1.1 | Materials | High density melamine chip board and Foreign accessories | | |
| | 1.2 | Size | 71w x 65D x 30H | | |
| | 1.3 | Brand | To be mentioned by the bidder | | |
| | 1.4 | Model | To be mentioned by the bidder | | |
| | 1.5 | Warranty | One year free service warranty. | | |
| 02 | Wooden Swivel Chair: | | | | |
| | 2.1 | Materials | Main structure made of solid Mahagony seasoned wood. Fully Solid wooden armrest. Chrome plated polymer cast leg with ৫nos. castors offers stability and visual interest. Hydraulically height adjustable mechanism. Smooth gliding casters provide increased comfort and mobility. | | |
| | 2.2 | Size | Standard | | |
| | 2.3 | Brand | To be mentioned by the bidder | | |
| | 2.4 | Model | To be mentioned by the bidder | | |
| | 2.5 | Warranty | One year free service warranty. | | |
| 03 | Frxed visitor chair | | | | |
| | 3.1 | Materials: | Mild steel welded framework that ensures high load. Zinc-phosphate coated electro-static epoxy powder oven baked paint | | |
| | 3.2 | Size | Standard | | |
| | 3.3 | Brand | To be mentioned by the bidder | | |
| | 3.4 | Model | To be mentioned by the bidder | | |
| | 3.5 | Warranty | One year free service warranty. | | |

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করিব।

| | |
|---|---|
| সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর | তারিখ : ...................... |
| দরপত্রদাতার নাম | |

টীকা :

১। কলাম ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

২। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নূতন, অব্যবহৃত ও সাম্প্রতিকতম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

৩। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (Brochures) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্ত করিবে।

০৮/১১/২৪

কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম : মোঃ জাহাঙ্গীর আরিফ প্রাং
পদবি : উপজেলা সমাজসেবা কর্মকর্তা
কার্যালয়: পেকুয়া, কক্সবাজার।